CROSSROADS initiative

— connecting you to mentors who matter —

# বিদেশে ফুল স্কলারশিপ নিয়ে পড়ার উপায়!

## স্কলারশিপের সঠিক পথ ও বাংলাদেশি গল্প!

**SADID BIN HASAN**



আপনি কি ভাবছেন কীভাবে বিশ্বের সেরা বিশ্ববিদ্যালয়ে ফুল স্কলারশিপ নিয়ে পড়তে যাবেন? ভাবুন, বিশ্বের ২৯টি দেশে ঘুরে পড়াশোনা আর বিচিত্র সংস্কৃতির স্বাদ নিয়েছেন—তেমনই অভিজ্ঞতা সঞ্চয় করেছেন সাদিদ বিন হাসান। সেসব অভিজ্ঞতা আর গবেষণার নির্যাস নিয়েই তিনি হাজির "বিদেশে ফুল স্কলারশিপ নিয়ে পড়ার উপায়"—একটি বই যেখানে কেবল অ্যাপ্লিকেশন প্রক্রিয়া নয়, বরং ভ্রমণ, বসবাস ও ক্যারিয়ার গড়ার উৎসাহব্যঞ্জক অধ্যায়গুলোকেও তুলে ধরা হয়েছে।

এই বইতে থাকছে:

- CrossRoads Initiative-এর বাস্তব গাইডেন্স প্রোগ্রামের আদলে সাজানো স্টেপ-বাই-স্টেপ প্ল্যান
- Bachelor's বা Master's/PhD এর জন্য কীভাবে বেছে নেবেন সঠিক বিশ্ববিদ্যালয়
- প্রফেসরদের সঙ্গে যোগাযোগ ও রিসার্চ অপশন বের করার কৌশল
- ফুল স্কলারশিপের আবেদন, ভিসা প্রসেস, এবং দরকারি ডকুমেন্টেশন সম্পর্কে পরিষ্কার ধারণা
- বিদেশে বসবাসের সারভাইভাল গাইড—কেমন হবে নতুন দেশে মানিয়ে নেওয়া, কেমন হবে চাকরি বা ইন্টার্নশিপের সুযোগ খোঁজা

সাদিদের নিজের জীবন থেকে উঠে আসা ২৯টি দেশে ভ্রমণের অভিজ্ঞতা, হাজারো ছেলেমেয়েকে স্কলারশিপ পেতে সাহায্য করার পর পেয়েছেন যে শিক্ষাগুলো, সেগুলোই সংকলিত হয়েছে এখানে। যদি সত্যি চান আপনার ভবিষ্যৎ আন্তর্জাতিক পরিসরে গড়ে তুলতে, এই বই খুললেই পাবেন সেই ছক্কা হাঁকানোর ম্যাপ।



**সাদিদ বিন হাসান** এমন একজন তরুণ, যিনি প্লেনে করে ঘুরেছেন ২৯টি দেশ, আর স্থান করে নিয়েছেন বিশ্বের সেরা বিশ্ববিদ্যালয়গুলোতে ফুল স্কলারশিপ নিয়ে পড়তে। ঢাকার মধ্যবিত্ত পটভূমি থেকে উঠে এসে তিনি যুক্তরাষ্ট্রের মিনার্ভা ইউনিভার্সিটিতে ডেটা সায়েন্স ও বিজনেসে ডবল মেজর শেষ করেছেন, আর এখন কানাডার আলবার্টা বিশ্ববিদ্যালয়ে গ্র্যাজুয়েট রিসার্চ অ্যাসিস্ট্যান্ট হিসেবে কাজ করছেন—যেখানে তাঁর গবেষণার মূল লক্ষ্য লার্জ ল্যাঙ্গুয়েজ মডেল (AI & ChatGPT like Models) ও কম্পিউটার ভিশন নিয়ে। NASA SpaceApps আর MLH হ্যাকাথনের মতো প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হয়ে, ইতিমধ্যেই পেয়েছেন Diana Award আর Yunus and Youth Fellowship, যা তাঁর আন্তর্জাতিক স্বীকৃতিকে আরও শক্তিশালী করেছে। সরকারি আইসিটি মন্ত্রণালয়ের অনুদান পেয়ে ২০১৯ সালে গড়ে তুলেছেন 'CrossRoads Initiative', যেখানে ৪ লক্ষের বেশি শিক্ষার্থী ইতিমধ্যেই খুঁজে পেয়েছে স্কলারশিপ ও উচ্চশিক্ষার রোডম্যাপ। এই বইতে সাদিদ জানাচ্ছেন কিভাবে স্বপ্ন দেখা থেকে বাস্তবে রূপ দেওয়ার পথে প্রযুক্তি, পরিকল্পনা আর অধ্যবসায় কাজে লাগানো যায়, যাতে সাধ্যের মধ্যে থেকেই ছোঁয়া যায় বিশ্বের সেরা সুযোগগুলো। ঘুরে আসতে পারেন www.crossroadsinitiativebd.com ✔

# "বিদেশে ফুল স্কলারশিপ নিয়ে পড়ার উপায়" আপনার স্বপ্নের যাত্রার সঠিক পথনির্দেশিকা

এ বইটি আপনাকে আপনার আন্তর্জাতিক শিক্ষার স্বপ্নকে বাস্তবে রূপ দিতে সাহায্য করবে। এতে রয়েছে প্রতিটি ধাপের বিস্তারিত নির্দেশনা, প্রেরণামূলক ব্যক্তিগত গল্প, এবং কার্যকরী কৌশল। এটি কেবলমাত্র শিক্ষার্থী নয়, কর্মজীবী মানুষদের জন্যও একটি পরিপূর্ণ গাইড, যারা উচ্চশিক্ষা এবং ক্যারিয়ার গঠনে নিজের প্রোফাইল শক্তিশালী করতে চান। আপনার স্বপ্নের যাত্রা শুরু করতে এখনই এই বইটি কিনুন!

## বইটির বিশেষত্ব:

### ১. স্বপ্নের সূচনা ও মানসিক প্রস্তুতি

- HSC পরীক্ষা শেষেই বিদেশে ফুল স্কলারশিপ
- Masters ও PhD তে বিদেশে ফুল স্কলারশিপ
- IELTS, SAT ও GRE প্রস্তুতি
- সবচেয়ে ভালো Scholarship Essay লেখার উপায়

### ২. প্রাথমিক পরিকল্পনা: স্কুল জীবনের প্রস্তুতি

- বিদেশী বিশ্ববিদ্যালয়ে ভর্তি হওয়ার প্রক্রিয়া ও স্কলারশিপের কৌশল
- SAT, IELTS ও অন্যান্য পরীক্ষার প্রস্তুতি এবং আবেদন রণনীতি

### ৩. বিদেশে স্নাতক ডিগ্রি: প্রথম আন্তর্জাতিক অধ্যায়ের সোপান

- মাস্টার্স ও পিএইচডি প্রোগ্রামে ভর্তি ও স্কলারশিপের সফল কৌশল
- Professor Emailing: প্রফেসরদের সাথে সম্পর্ক গড়ার টিপস ও গবেষণার সুযোগের বিশ্লেষণ

### ৪. দেশের সেরা বিশ্ববিদ্যালয়ে উচ্চতর ডিগ্রি ও গবেষণা

- মাস্টার্স ও পিএইচডি প্রোগ্রামে ভর্তি ও স্কলারশিপের সফল কৌশল
- প্রফেসরদের সাথে সম্পর্ক গড়ার টিপস ও গবেষণার সুযোগের বিশ্লেষণ

## ৫. স্টাডি গ্যাপ ও চাকরিজীবী: বিরতির সদ্ব্যবহার ও নতুন দিগন্ত

- কর্মজীবী বা পড়াশোনায় বিরতির সময় কীভাবে নিজেকে গড়ে তুলবেন
- Study Gap শক্তিশালী প্রোফাইলের অংশ হিসেবে উপস্থাপন করার উপায়

## ৬. ভিসা প্রক্রিয়া ও বৈধতা: বিদেশে পড়াশোনার মূল চাবিকাঠি

- সঠিক ভিসা পাওয়ার প্রক্রিয়া, প্রয়োজনীয় কাগজপত্র ও আর্থিক প্রমাণ
- ভিসা ইন্টারভিউয়ের প্রস্তুতি ও গুরুত্বপূর্ণ টিপস

## ৭. নতুন দেশে, নতুন জীবন: অভিযোজন, সংস্কৃতি ও অভিজ্ঞতার মিশেল

- আবাসন, খাবার ও সামাজিক পরিবেশে মানিয়ে নেওয়ার কৌশল
- বিদেশি জীবনে সাংস্কৃতিক শক, কমিউনিটি নেটওয়ার্ক ও বন্ধু তৈরির গল্প

## ৮. ব্যক্তিগত গল্প ও অনুপ্রেরণার উদাহরণ: জীবনের বাস্তবতা

- সফল শিক্ষার্থীদের বাস্তব অভিজ্ঞতা ও অনুপ্রেরণামূলক গল্প
- আমার নিজস্ব যাত্রা ও অর্জনের বিবরণ, যা আপনাকে প্রেরণা যোগাবে

## ৯. ভবিষ্যৎ পরিকল্পনা ও ক্যারিয়ার গঠন: আগামী দিনের দিগন্ত

- উচ্চশিক্ষা শেষে চাকরি, পিএইচডি বা স্টার্টআপের পথ নির্ধারণের টিপস
- PR & Green Card: ক্যারিয়ার বিল্ডিং, নেটওয়ার্কিং ও দীর্ঘমেয়াদি পরিকল্পনার কৌশল

## ১০. কখনও থামবেন না: স্বপ্নের পথে অবিচ্ছিন্ন যাত্রা

- জীবনের প্রতিটি চ্যালেঞ্জকে জয় করার প্রেরণা
- "Never Stop Dreaming" – আপনার স্বপ্নকে সামনে নিয়ে যাওয়ার বার্তা

## ১১. বোনাস অধ্যায়: আন্তর্জাতিক টেস্ট প্রস্তুতি ও কার্যকর নির্দেশিকা

- IELTS, TOEFL, SAT, ACT ও Duolingo Test-এর বিস্তারিত প্রস্তুতি গাইড
- পরীক্ষার ফরম্যাট, কৌশল ও সময় ব্যবস্থাপনা নিয়ে দরকারী টিপস

## ১২. ইভেন্ট: ক্রসরোডস ইনিশিয়েটিভের ইভেন্ট

- সরাসরি অভিজ্ঞতা শেয়ার, প্রশ্নোত্তর সেশন ও নেটওয়ার্কিংয়ের সুযোগ
- স্কলারশিপ, এক্সচেঞ্জ প্রোগ্রাম ও আন্তর্জাতিক শিক্ষার বাস্তব দিক নিয়ে আলোচনা

# অধ্যায় ২: স্কুল পর্যায়ে পরিকল্পনা (ক্লাস ৯–১০ থেকে ক্লাস ১১–১২)

## স্বপ্ন দেখা ও মানসিক প্রস্তুতি: গুরুত্বপূর্ণ ভূমিকা

নিজের অভিজ্ঞতা থেকে বলতে চাই, আমি যখন ক্লাস ৯-১০-এ ছিলাম, তখন ভাবতাম বিশ্ববিদ্যালয় জীবনে গিয়ে অথবা এইচএসসি শেষ করার পর বিদেশে পড়ার চেষ্টা করব। কিন্তু সময়ের সাথে সাথে বুঝলাম, যদি আমি সেই সময়েই স্কুলের রেজাল্ট, ইংরেজি দক্ষতা এবং ক্লাব কার্যক্রমের ভিত শক্তি করি, তাহলে পরবর্তীতে চাপ অনেক কমে যাবে। এই কারণেই, স্কুল পর্যায় থেকেই আমাদের প্রস্তুতি নেয়া উচিত।

### ভাষাগত দক্ষতা এবং সামাজিক কার্যক্রম: শক্তির ভিত্তি

আমি নিজে ছোটবেলা থেকেই ইংরেজি এবং গণিতে তুলনামূলকভাবে এগিয়ে ছিলাম। সেন্ট যোসেফ স্কুলে পড়ার সময়ই আমি বুঝেছিলাম, সাধারণ জাতীয় কারিকুলামেও যদি ভালো ক্লাব-সংস্কৃতি এবং অ্যালামনাই নেটওয়ার্ক তৈরি করা যায়, তবে সফলতা সহজ হতে পারে। তবে পরবর্তীতে, পরীক্ষার ধরন বদলে গিয়ে আমার অবস্থান অনেক নিচে চলে গিয়েছিল, যা ছিল একটি বড় ধাক্কা। সেই সময় থেকেই বুঝেছি, বিদেশি বিশ্ববিদ্যালয়ে সুযোগ পেতে হলে স্কুল পর্যায় থেকেই ভাষাগত দক্ষতা, ক্লাব এবং সামাজিক কাজে অংশগ্রহণসহ প্রাথমিক গবেষণা শুরু করতে হবে।

এভাবে, নিজস্ব প্রস্তুতি আমাদের স্বপ্নকে বাস্তবে রূপান্তরিত করার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ।

## ২.১ UWC (United World Colleges): একটি বিশ্বমঞ্চে পা রাখার সুযোগ

স্কুলজীবনে বিদেশে পড়ার কথা ভাবতেই প্রথমে মনে হয়েছিল, “এত কম বয়সে বিদেশে যাওয়া কি সম্ভব?” কিন্তু যখন জানলাম UWC-এর মতো প্রোগ্রামে স্কলারশিপের সুযোগ রয়েছে, তখন সব সংশয় কেটে গেল। এটি শুধু একটি শিক্ষাপ্রতিষ্ঠান নয়, বরং একটি

বৈশ্বিক পরিবার, যেখানে ৭০–৮০টি দেশের শিক্ষার্থীরা একসাথে বসবাস করে, শেখে এবং বেড়ে ওঠে।

## কেন UWC গুরুত্বপূর্ণ?

UWC শুধু আন্তর্জাতিক মানের IB ডিপ্লোমা দেয় না, এটি জীবনকে দেখার দৃষ্টিভঙ্গিও বদলে দেয়। এখানে থাকার সময় বিভিন্ন সংস্কৃতি, ভাষা এবং চিন্তাধারার সাথে পরিচয় হয়, যা একজনকে পরিপক্ক করে তোলে। এছাড়াও, অল্প বয়সেই বৈশ্বিক নেটওয়ার্ক গড়ে তোলার সুযোগ পাওয়া যায়, যা ভবিষ্যত ক্যারিয়ারে অমূল্য সম্পদ হয়ে দাঁড়ায়।

## যোগ্যতা ও আবেদন পদ্ধতি

UWC-তে আবেদনের জন্য ১৬–১৭ বছর বয়সী শিক্ষার্থীদের ভালো একাডেমিক রেজাল্ট, লিডারশিপ দক্ষতা এবং স্বেচ্ছাসেবামূলক কাজের অভিজ্ঞতা থাকা জরুরি। আবেদন করতে হয় জাতীয় কমিটি বা অফিসিয়াল ওয়েবসাইটের মাধ্যমে। প্রক্রিয়াটিতে মোটিভেশন লেটার, রেকমেন্ডেশন লেটার এবং ইন্টারভিউ জড়িত।

## প্রক্রিয়া ও সময়সীমা

আবেদনের সময়সীমা সাধারণত সেপ্টেম্বর থেকে ডিসেম্বর পর্যন্ত থাকে। এই সময়ের মধ্যে প্রয়োজনীয় কাগজপত্র জমা দিয়ে প্রস্তুত হতে হয়। ইন্টারভিউ এবং লিখিত পরীক্ষার মাধ্যমে চূড়ান্ত নির্বাচন করা হয়।

## ফি ও স্কলারশিপ

UWC-এর বার্ষিক খরচ, 30,000–50,000 USD হলেও পূর্ণ বা আংশিক স্কলারশিপের সুযোগ রয়েছে। বাংলাদেশ থেকে অনেক শিক্ষার্থী ফুল স্কলারশিপ পেয়ে পড়াশোনা করেছে। তাই অর্থনৈতিক চিন্তা না করে আবেদন করা উচিত। এই প্রোগ্রামটি শুধু শিক্ষা নয়, জীবনের একটি অনন্য অভিজ্ঞতা। এটি আপনার ভবিষ্যতের দরজা খুলে দিতে পারে, যা হয়তো আপনি এখনও কল্পনাও করতে পারেননি।

## ২.২ KL YES (Kennedy-Lugar Youth Exchange & Study) Program

### KL YES কী?

KL YES যুক্তরাষ্ট্র সরকারের পূর্ণ স্কলারশিপভিত্তিক এক্সচেঞ্জ প্রোগ্রাম, যেখানে বাংলাদেশসহ বিভিন্ন দেশের হাই স্কুল শিক্ষার্থীরা এক বছর আমেরিকায় পড়ার সুযোগ পায়। তারা আমেরিকান হাই স্কুলে ভর্তি হয়, হোস্ট ফ্যামিলির সঙ্গে থাকে, এবং স্থানীয় সংস্কৃতির সাথে মিশে বাস্তব অভিজ্ঞতা অর্জন করে।

### কেন এটি অসাধারণ সুযোগ?

১. ইংরেজি দক্ষতা ও আত্মবিশ্বাস বৃদ্ধি হয়।
২. এক বছর আমেরিকান জীবনযাত্রার অভিজ্ঞতা—স্কুল, ক্লাব, উৎসবে অংশগ্রহণ।
৩. সম্পূর্ণ খরচ প্রোগ্রাম বহন করে, তাই পরিবারকে কোনো ব্যয় নিয়ে ভাবতে হয় না।

### যোগ্যতা ও আবেদন প্রক্রিয়া:

আবেদনকারীকে ১৫-১৭ বছর বয়সী হতে হবে আবেদন করার সময়। শিক্ষাগত যোগ্যতা হিসেবে SSC বা দশম শ্রেণি বা তার সমমানের শিক্ষার্থী হতে হবে। এছাড়া, ভালো ইংরেজি দক্ষতা এবং নেতৃত্বের অভিজ্ঞতা থাকতে হবে। সামাজিক এবং সাংস্কৃতিক কার্যক্রমে আগ্রহী হতে হবে।

### প্রক্রিয়া ও সময়সীমা:

**জুন-আগস্ট:** আবেদনপত্র (Application Form) জমা দেওয়ার সময়সীমা। প্রোগ্রামের আবেদনপত্র জমা দেওয়া যায় YES প্রোগ্রামের অফিসিয়াল ওয়েবসাইট yesprograms.org বা বাংলাদেশের জন্য U.S. Embassy website (bd.usembassy.gov) থেকে
**সেপ্টেম্বর-অক্টোবর:** লিখিত পরীক্ষা, যেখানে ইংরেজি দক্ষতা ও সাধারণ জ্ঞান মূল্যায়ন করা হয়।
**অক্টোবর-নভেম্বর:** গ্রুপ ডিসকাশন এবং ইন্টারভিউ, যেখানে নেতৃত্ব ও যোগাযোগ দক্ষতা পর্যালোচনা করা হয়।
**ডিসেম্বর-জানুয়ারি:** ফলাফল ঘোষণা, নির্বাচিত প্রার্থীদের ইমেইল বা ফোনের মাধ্যমে

নিশ্চিত করা হয়।
**ফি ও স্কলারশিপ:** সম্পূর্ণ বিনামূল্যে—ফ্লাইট, থাকা-খাওয়া, স্কুল ফি, স্বাস্থ্য বীমা সবকিছু প্রোগ্রাম কভার করে!

## ২.৩. Community College Initiative Program (USA)

### CCI Program কী ও কেন?

কমিউনিটি কলেজে ২ বছরের আন্ডারগ্র্যাড লেভেল কোর্সের মাধ্যমে আপনি ছোট ক্লাস সাইজ, হাতে-কলমে শেখার সুযোগ, এবং কম খরচে উচ্চ শিক্ষার অভিজ্ঞতা লাভ করতে পারেন। এই প্রোগ্রামে অংশগ্রহণের জন্য বিভিন্ন সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠান স্কলারশিপ প্রদান করে, যা খরচকে তুলনামূলকভাবে কমিয়ে আনে।

**উপকারিতা:**

**ক্রেডিট ট্রান্সফার:** ২ বছর পর ৪ বছরের বিশ্ববিদ্যালয়ে ক্রেডিট ট্রান্সফার করে ব্যাচেলর ডিগ্রি সম্পন্ন করা যায়।
**শিক্ষাব্যবস্থায় মানিয়ে নেওয়া:** আমেরিকান শিক্ষাব্যবস্থায় প্রবেশের জন্য এটি একটি অসাধারণ পথ, কারণ কমিউনিটি কলেজের পরিবেশ বিশ্ববিদ্যালয়ের জন্য প্রস্তুতি হতে পারে।
**কম খরচ:** সাধারণত খরচ কম থাকায়, এটি মধ্যবিত্ত পরিবারের জন্যও এক দারুণ সুযোগ।

**যোগ্যতা ও আবেদন পদ্ধতি:**

১. ১৮-২৪ বছর বয়সী শিক্ষার্থীরা আবেদন করতে পারে।
২. HSC বা সমমানের ১২ বছরের শিক্ষা থাকতে হবে।
৩. IELTS বা TOEFL স্কোর প্রযোজ্য হতে পারে।
৪. আবেদন করতে হবে Community College Initiative Program এর অফিসিয়াল ওয়েবসাইটে অথবা স্পন্সরিং প্রতিষ্ঠানগুলোর মাধ্যমে।

**প্রক্রিয়া ও সময়সীমা:**

১. আবেদন ফর্ম পূরণ ও সংশ্লিষ্ট ডকুমেন্টস জমা দিতে হবে।

২. লিখিত পরীক্ষা বা সাক্ষাৎকার এর মাধ্যমে বাছাই হতে পারে।
৩. ডেডলাইন সাধারণত অক্টোবর-ডিসেম্বর মাসে থাকে।

**ফি ও স্কলারশিপ:**
**প্রোগ্রাম ফি:** খরচ সাধারণত প্রতি বছর $১৫,০০০ থেকে $২৫,০০০, এবং স্কলারশিপ প্রাপ্তি সাপেক্ষে অধিকাংশ খরচ কভার করা হয়।শিক্ষা, থাকা-খাওয়া, ও স্বাস্থ্য বীমা সহ বেশিরভাগ খরচ প্রোগ্রাম প্রদান করে।

## ২.৪ এশিয়া-ভিত্তিক এক্সচেঞ্জ প্রোগ্রাম (জাপান, সিঙ্গাপুর ইত্যাদি)

জাপান, দক্ষিণ কোরিয়া, সিঙ্গাপুর—এই দেশগুলোর সাথে বাংলাদেশি শিক্ষার্থীদের জন্য স্বল্পমেয়াদি বিনিময় প্রোগ্রাম চালু আছে। যেমন, জাপানের MEXT হাই স্কুল পর্যায়ে কিছু স্কলারশিপ অফার করে।

**কেন গুরুত্বপূর্ণ?**

এশীয় টেকনোলজি ও সংস্কৃতির আস্বাদন পেতে পারেন। ৬ মাস/১ বছরের মধ্যেই বড়সড় কালচারাল শক সামলে পরিণত হয়ে উঠবেন। পরবর্তীতে এশিয়ান বিশ্ববিদ্যালয়গুলোয় পড়তেও সুবিধা হবে।

**প্রোগ্রাম উদাহরণ:**

**যোগ্যতা:** ১৫-১৮ বছর বয়স, জাপানি ভাষায় প্রাথমিক দক্ষতা থাকতে পারে।
আবেদন প্রক্রিয়া: অফিসিয়াল ওয়েবসাইটে আবেদন ফর্ম পূরণ, সাক্ষাৎকার, ও নির্বাচনী প্রক্রিয়া।
**ডেডলাইন:** সাধারণত মার্চ-এপ্রিল মাসে আবেদন শুরু হয়।

**তথ্য ও আবেদন লিঙ্ক:**

Korean Government Scholarship Program

MEXT Official Website

YES Program

## 2.৫ ক্লাস ৯–১০ থেকেই কী প্রস্তুতি নেব?

বইয়ের শুরুতে বলেছি, ক্লাস ৯–১০ হল ভিত্তি গড়ার সময়। অনেকেই এই বয়সে শখের বসে ক্লাব করে, ভাষা শেখে, বা স্বেচ্ছাসেবামূলক কাজে যুক্ত হয়—যদি ঠিকঠাক পরিকল্পনা থাকে, এসব কাজ ভবিষ্যতে আন্ডারগ্র্যাড বা স্কলারশিপ আবেদনে আপনাকে এগিয়ে রাখবে।

### ২.৫.১. বিষয় নির্বাচন ও স্কুলের রেজাল্ট ভালো রাখা

যারা SSC/HSC তে ভালো করছেন, তারা SAT/IELTS দিয়ে বিদেশে স্কলারশিপ পেতে পারেন। O/A-Level নিতে চাইলে, এটি আন্তর্জাতিক মানের সিলেবাস ও প্রস্তুতি দেবে।আমি SSC/HSC সিস্টেমেই থেকেছি, তবে SAT আর ইংরেজির দিকে আগেভাগে জোর দিয়েছিলাম।

IB নির্বাচন করলে বিশ্বের অন্যতম সম্মানিত সিস্টেমে পড়াশোনা হবে, কিন্তু এটি ব্যয়বহুল। যাদের সামর্থ্য রয়েছে এবং আন্তর্জাতিক মানের শিক্ষা চান, তারা O/A-Level বা IB বেছে নিতে পারেন।

বিদেশি প্রতিষ্ঠানে আবেদন করার সময়, আপনার একাডেমিক ট্রান্সক্রিপ্ট খুবই গুরুত্বপূর্ণ। SSC/HSC বা O/A-Level যেই পথে যান, সেখানকার ভালো ফলাফল আপনার জন্য একটি শক্তিশালী প্রমাণ হয়ে দাঁড়ায়। যদিও আমার ক্ষেত্রে একাডেমিক

কারিকুলাম বদলে আমি কিছুটা পিছিয়ে পড়েছিলাম, তবে কঠোর পরিশ্রম করে আবার উপরে উঠে এসেছি। এই ধারাবাহিক প্রচেষ্টা স্কলারশিপ প্রাপ্তির পথে সহায়ক হয়ে দাঁড়িয়েছে, কারণ বিদেশি প্রতিষ্ঠানগুলো ধারাবাহিকতা এবং পরিশ্রমী মনোভাবকে অত্যন্ত মূল্যায়ন করে।

### ২.৫.২. ভাষাগত প্রস্তুতি (IELTS/TOEFL-এর প্রাথমিক ধারণা)

যত দ্রুত সম্ভব, ইংরেজি ভাষার প্রতি প্রস্তুতি নিতে শুরু করুন। ডেইলি রিডিং, রাইটিং, লিসেনিং, এবং স্পিকিং এই চারটি মৌলিক দক্ষতাকে আয়ত্তে আনতে শুরু করলে, ১১–১২-এ গিয়ে আলাদাভাবে বড় কোচিং করার চাপ অনেক কম হবে। TED Talk, Khan Academy, ইংরেজি পত্রিকা—এসব নিয়মিতভাবে চর্চা করলে ভাষার প্রতি আত্মবিশ্বাস বাড়বে, যা আন্তর্জাতিক স্কলারশিপ পরীক্ষায় এবং বিশ্ববিদ্যালয়ের আবেদনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

### ২.৫.৩. এক্সট্রা-কারিকুলার ও সামাজিক কাজ

শুধু পড়ালেখাই নয়, এক্সট্রা-কারিকুলার কার্যক্রমে অংশগ্রহণও অত্যন্ত গুরুত্বপূর্ণ। বিতর্ক, বিজ্ঞান ক্লাব, সংগীত, স্পোর্টস—যে কোন একটি বা একাধিক ক্ষেত্র বেছে নিন। এতে আপনার নেতৃত্বগুণ ও দলবদ্ধ কাজের অভিজ্ঞতা উঠে আসবে, যা স্কলারশিপের আবেদন বা বিশ্ববিদ্যালয়ের প্রোগ্রামে কাজ দেবে।

## ৪.৮ অ্যাকশন প্ল্যান

| কাজের নাম | সম্পন্ন হয়েছে |
|---|---|
| **স্টেটমেন্ট অব পারপাস (SOP) প্রস্তুতি** | |
| আমার শিক্ষাগত ও পেশাগত লক্ষ্য নির্ধারণ করেছি | ☐ |
| বিশ্ববিদ্যালয় ও স্কলারশিপ অনুযায়ী SOP-এর কাঠামো তৈরি করেছি | ☐ |
| SOP-এর প্রথম খসড়া লিখেছি | ☐ |
| বিশেষজ্ঞদের মতামত নিয়ে SOP সংশোধন করেছি | ☐ |
| SOP সম্পূর্ণ করে চূড়ান্ত পর্যালোচনা করেছি | ☐ |
| **সিভি (CV) ও প্রোফাইল উন্নয়ন** | |
| একাডেমিক অর্জন, ইন্টার্নশিপ ও অভিজ্ঞতা যুক্ত করেছি | ☐ |
| স্কলারশিপ ও বিশ্ববিদ্যালয় উপযোগী সিভি ফরম্যাট তৈরি করেছি | ☐ |
| সিভি বিশেষজ্ঞদের পর্যালোচনার জন্য পাঠিয়েছি | ☐ |
| সংশোধন শেষে চূড়ান্ত সিভি সংরক্ষণ করেছি | ☐ |
| **সুপারিশপত্র (LOR) সংগ্রহ** | |
| সুপারিশকর্তার (প্রফেসর/বস) সাথে যোগাযোগ করেছি | ☐ |
| সুপারিশপত্রের প্রয়োজনীয় তথ্য ও কাঠামো শেয়ার করেছি | ☐ |
| সুপারিশপত্র সংগ্রহ করে সংশোধনের অনুরোধ করেছি | ☐ |
| সুপারিশপত্রের চূড়ান্ত কপি গ্রহণ করেছি | ☐ |
| **স্কলারশিপ ও অর্থায়ন পরিকল্পনা** | |
| প্রাসঙ্গিক স্কলারশিপ ও তাদের যোগ্যতা শর্তগুলো খুঁজে দেখেছি | ☐ |
| আবেদনযোগ্য স্কলারশিপের তালিকা তৈরি করেছি | ☐ |
| স্কলারশিপের আবেদনের শেষ তারিখ ও শর্তাবলী নোট করেছি | ☐ |

| | |
|---|---|
| স্কলারশিপের জন্য পৃথক SOP বা অতিরিক্ত নথি প্রস্তুত করেছি | ☐ |
| **ইমেইল লেখার কৌশল ও প্রফেসরদের সাথে যোগাযোগ** | |
| বিশ্ববিদ্যালয়ের ফ্যাকাল্টি লিস্ট থেকে সংশ্লিষ্ট প্রফেসরদের তালিকা করেছি | ☐ |
| ইমেইল কাঠামো ও ভাষা ঠিক করেছি | ☐ |
| গবেষণার আগ্রহ ও যোগ্যতা তুলে ধরে ইমেইল লিখেছি | ☐ |
| ইমেইল পাঠিয়ে ফলো-আপ করেছি | ☐ |
| **বিশ্ববিদ্যালয় ও আবেদন প্রক্রিয়া** | |
| বিশ্ববিদ্যালয় ও প্রোগ্রামের তালিকা তৈরি করেছি | ☐ |
| আবেদন ফরম পূরণের জন্য প্রয়োজনীয় নথি সংগ্রহ করেছি | ☐ |
| অনলাইন আবেদন প্ল্যাটফর্মে অ্যাকাউন্ট তৈরি করেছি | ☐ |
| আবেদন ফরম পূরণ করে চেকিং করেছি | ☐ |
| চূড়ান্তভাবে আবেদন জমা দিয়েছি | ☐ |
| **ভর্তি পরবর্তী ধাপ ও প্রস্তুতি** | |
| অফার লেটার পেয়ে পরবর্তী করণীয় নির্ধারণ করেছি | ☐ |
| ভিসা আবেদন প্রক্রিয়া সম্পর্কে তথ্য সংগ্রহ করেছি | ☐ |
| বাসস্থান ও জীবনযাত্রার পরিকল্পনা করেছি | ☐ |
| ক্লাস শুরুর আগে প্রয়োজনীয় প্রস্তুতি সম্পন্ন করেছি | ☐ |

# FAQ (Frequently Asked Questions)

**১. পিএইচডিতে ঢুকতে কি CGPA খুব ভালো হওয়া লাগবেই?**
উত্তর: উচ্চ CGPA সুবিধাজনক, তবে শুধু এটি একমাত্র ফ্যাক্টর নয়। আপনার SOP ...

**CrossRoads Initiative**
আমার নিজস্ব উদ্যোগ, **CrossRoads Initiative**, শিক্ষার্থীদের উচ্চ শিক্ষায় যেতে সহায়তা করার জন্য তৈরি করেছি। আমাদের লক্ষ্য হল শিক্ষার্থীদের স্কলারশিপের সুযোগ, মেন্টরশিপ প্রোগ্রাম, এবং বিভিন্ন একাডেমিক ইভেন্ট সম্পর্কে অবহিত করা, যাতে তারা নিজের স্বপ্ন পূরণের পথে সঠিক সিদ্ধান্ত নিতে পারে।




## TOEFL (Test of English as a Foreign Language)

TOEFL একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ পরীক্ষা, বিশেষত আমেরিকান বিশ্ববিদ্যালয়ে ভর্তি হতে চাওয়া শিক্ষার্থীদের জন্য। যদিও এটি মূলত আমেরিকান বিশ্ববিদ্যালয়গুলির জন্য ব্যবহৃত হয়, বিশ্বের অন্যান্য দেশের বিশ্ববিদ্যালয়েও এটি গ্রহণ করা হয়। ETS (Educational Testing Service) এই পরীক্ষা পরিচালনা করে।

**টেস্ট ফরম্যাট**


*Reading (60–80 মিনিট)*
এই অংশে ৩ থেকে ৪টি অ্যাকাডেমিক প্যাসেজ থাকে, এবং প্রতিটি প্যাসেজে ১২ থেকে ১৪টি প্রশ্ন থাকে।

*Listening* (*60–90 মিনিট*)

লেকচার ও কথোপকথনের ওপর ভিত্তি করে মোট ৩৪ থেকে ৫১টি প্রশ্ন থাকে।

## ক্রসরোডস ইনিশিয়েটিভের ইভেন্ট: বাস্তব অভিজ্ঞতা শোনার সুযোগ

আপনার স্বপ্ন কি বিদেশে পড়াশোনা? তাহলে ক্রসরোডস ইনিশিয়েটিভের সেমিনারে আসুন, যেখানে আপনি পেতে পারেন স্কলারশিপ, এক্সচেঞ্জ প্রোগ্রাম, SAT/IELTS, রিকমেন্ডেশন, অ্যাপ্লিকেশন ডেডলাইন সম্পর্কে সব বাস্তব অভিজ্ঞতা। আমাদের বিশেষ অতিথি—UWC, KL YES, Fulbright থেকে ফিরে আসা শিক্ষার্থীরা তাদের অভিজ্ঞতা শেয়ার করবেন এবং শিখিয়ে দেবেন কীভাবে ফরম পূরণ, ইমেইল লেখা এবং স্কলারশিপ লেটার তৈরি করবেন। এই ইভেন্টে আপনি নেটওয়ার্কও করতে পারবেন, যেখানে জুনিয়ররা সিনিয়রদের কাছ থেকে শিখবে কিভাবে পরবর্তী প্রোগ্রামে আবেদন করতে হয়। সাদিদ বিন হাসান এবং তার টিম প্রতি সেমিস্টারে বাংলাদেশে এসে শিক্ষার্থীদের সঙ্গে এই ধরনের ইন্টার‍্যাকটিভ সেশন করেন, এবং তারা ইতিমধ্যে শত শত শিক্ষার্থীকে বিদেশে পূর্ণ স্কলারশিপে পড়ানোর সুযোগ দিয়েছে। আসুন, আমাদের ফেলোশিপ প্রোগ্রামে যোগ দিন এবং আপনার আন্তর্জাতিক শিক্ষার স্বপ্নকে বাস্তবে পরিণত করুন!




এর আগে আমরা অনেক শিক্ষার্থীকে পুরোপুরি ফান্ডেড স্কলারশিপসহ বিদেশে পড়াশোনা করার সুযোগ এনে দিয়েছি—চাইলেই আপনি সেই গল্পের অংশ হতে পারেন। প্রতিবার সেমিস্টার ব্রেকের সময়, সাদিদ বিন হাসান তার দল নিয়ে বাংলাদেশে এসে শিক্ষার্থীদের প্রশ্নের উত্তর দেন এবং তাদের সঠিক পথে এগিয়ে যেতে সাহায্য করেন। এই অসাধারণ সুযোগটি হাতছাড়া করবেন না! আমাদের ফেলোশিপ প্রোগ্রামে যোগ দিন এবং আপনার স্বপ্নকে বাস্তবে পরিণত করুন।

# Fellowship program link:

## এই বইটি কাদের জন্য?

- যারা বিদেশে ফুল-স্কলারশিপ নিয়ে পড়তে চান।
- স্টাডি গ্যাপ বা চাকরির পরেও উচ্চশিক্ষার স্বপ্ন বাস্তবায়ন করতে চান।
- বিদেশে পড়াশোনা, ভিসা ও ক্যারিয়ার নিয়ে পরিপূর্ণ দিকনির্দেশনা চান।
- সফল স্টুডেন্টদের বাস্তব গল্প থেকে অনুপ্রেরণা নিতে চান।

**আপনার উচ্চশিক্ষার স্বপ্নকে বাস্তবে রূপ দিতে আজই এই বইটি সংগ্রহ করুন এবং নতুন দিগন্তের দিকে পা বাড়ান!**